

তাগিদপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রশাসন বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.০৮.০০১.৯৬.

তারিখঃ /১২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি/সিএসডি এবং সাইলো চত্বরে সরকারি স্থাপনা ছাড়া গড়ে ওঠা অন্যান্য স্থাপনা কোন কর্মকর্তার দায়িত্ব পালনের সময় তৈরী করা হয়েছে তার তালিকা প্রেরণ।

সূত্রঃ অত্র দপ্তরের ০৫/১১/২০১৮ তারিখের ১৯০৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন এলএসডি/সিএসডি এবং সাইলো চত্বরে সরকারি স্থাপনা ছাড়া অন্যান্য যে সকল স্থাপনা রয়েছে; সে সকল স্থাপনাসমূহ কোথায়, কোন কর্মকর্তার দায়িত্ব পালনের সময় তৈরী করা হয়েছে সে বিষয়ে তালিকা প্রস্তুত করে ০৫/১১/২০১৮ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক কোন কোন দপ্তর থেকে তালিকা পাওয়া গেলেও অধিকাংশ দপ্তর থেকে এখনও তালিকা পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আপনার অধীনস্থ যে সকল এলএসডি/সিএসডি/সাইলো চত্বরে সরকারি স্থাপনা ছাড়া অন্যান্য স্থাপনা রয়েছে; সে সকল স্থাপনাসমূহ কোথায়, কোন কর্মকর্তার দায়িত্ব পালনের সময় তৈরী করা হয়েছে তার তালিকা (যারা এখনও প্রেরণ করেননি) আগামী ০৬/১২/২০১৮ তারিখের মধ্যে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, খাদ্য মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ণিত তালিকা খাদ্য মন্ত্রণালয়ের পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। সুতরাং বিষয়টি জরুরী বিবেচ্য।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

প্রাপকঃ

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট।
- ২। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ, বি-বাড়ীয়া/সান্তাহার, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.০৮.০০১.৯৬. ২০১৮/১৬ (৮২)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....
- ৩। ব্যবস্থাপক.....
- ৪। অফিস কপি।
- ৫। মাস্টার কপি।
- ৬। গার্ড ফাইল কপি।

তারিখঃ  
(মামুন আল মোর্শেদ চৌধুরী)  
উপ পরিচালক (সংস্থাপন)  
ফোন-৯৫৬১২০৯  
ই-মেইলঃ dd.est@dgfood.gov.bd

তারিখঃ ০৪/১২/২০১৮ খ্রিঃ

(মামুন আল মোর্শেদ চৌধুরী)  
উপ পরিচালক (সংস্থাপন)  
ফোন-৯৫৬১২০৯  
ই-মেইলঃ dd.est@dgfood.gov.bd

০৪/১২/১৮